

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং-৭ এ

তারিখঃ ২৭/১১/২০০৭ খ্রি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ১ নভেম্বর/ ২০০৭ তারিখ হইতে বিচার বিভাগ পৃথকীকরণের ফলে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য ম্যাজিস্ট্রেটগণ তাহাদের আদালতের বিচারকার্য শুরু করিয়াছেন। ফলশ্রুতিতে সংশ্লিষ্ট জেলা জজগণ এবং মহানগর দায়রা জজগণ যথাক্রমে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের ৪০% এবং অবশিষ্ট ৬০% বার্ষিক গোপনীয় প্রতিবেদন বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ কর্তৃক প্রদত্ত হইবে (অতিরিক্ত জেলা জজগণের প্রচলিত নিয়মে)। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট গণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন যথাক্রমে সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ প্রদান করিবেন।

উল্লেখ্য যে, বিভিন্ন উপজেলা ম্যাজিস্ট্রেট এবং ঢাকা মেট্রোপলিটন এলাকা বহির্ভূত বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ম্যাজিস্ট্রেট গণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংশ্লিষ্ট জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মেট্রোপলিটন এলাকায় অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ম্যাজিস্ট্রেটগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত হইবে।

আরো উল্লেখ্য যে, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট গণের ছুটি ও কর্মস্থল ত্যাগের অনুমতি যথাক্রমে সংশ্লিষ্ট জেলা জজ ও মহানগর দায়রা জজগণ এবং অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, উপজেলা ম্যাজিস্ট্রেটসহ অন্যান্য ম্যাজিস্ট্রেটগণ এবং অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং মেট্রোপলিটন এলাকায় কর্মরত অন্যান্য ম্যাজিস্ট্রেট গণের ছুটি ও কর্মস্থল ত্যাগের অনুমতি ক্ষেত্র মতে সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক প্রদত্ত হইবে।

এই সার্কুলার অনুযায়ী পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বার্ষিক গোপনীয় প্রতিবেদন, ছুটি ও কর্মস্থল ত্যাগের অনুমতি সংশ্লিষ্ট জেলা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ-কে প্রদানের নির্দেশ প্রদান করা হইল।

আদেশক্রমে

স্বা/-  
(ইকত্তেদার আহমেদ)  
রেজিস্ট্রার।